



...

সভাপতি	এ জে এম আব্দুল্যাহেল বাকী পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১৬-০৮-২০২০
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট - "ক" কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতপরঃ বার্ষিক কর্মসম্পাদন বাস্তবায়ন টিমের সদস্য-সচিব, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান)কে সভার আলোচ্যতব্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভার শুরুতে পূর্ববর্তী সভার (২৬-০৭-২০২০) কার্যবিবরণী সঠিক হওয়ায় সংশোধনী ছাড়াই দৃষ্টিকরণ করা হয়।

পূর্ববর্তী মাসের সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপিত বিষয়াবলীর উপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

০১.	২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্ব স্ব পোর্টালে আপলোড করা।	২০২০-২০২১ অর্থবছরে নতুন ফরমেটে প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যে সকল বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারের স্ব স্ব দপ্তরের পোর্টালের সেবাবক্সের এপিএ বক্সে এখনও আপলোড করা হয়নি তা যাচাই বাচাই করে এ অফিস থেকে টেলিফোনের মাধ্যমে অবগত করার বিষয় আলোচনা হয়। আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে বিভাগীয় প্রধানরা ফিডব্যাক জানাবেন মর্মে সভায় আলোচনা হয়।	বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারের স্ব স্ব দপ্তরের পোর্টালের সেবাবক্সের এপিএ বক্সে আপলোড করে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে বিভাগীয় প্রধানরা ফিডব্যাক জানাবেন।	সহকারী পরিচালক (পরিসংখ্যান)
-----	---	--	---	-----------------------------

০২.	২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রশিক্ষণের জন্য বিভাগীয় প্রধানসহ যে সকল কর্মকর্তা ও কর্মচারী সংশ্লিষ্ট বিভাগীয় গ্রন্থাগারের এপিএ সাথে জড়িত Zoom-এর মাধ্যমে প্রশিক্ষণ এর বিষয় সহকারী পরিচালককে (প্রশাসন ও হিসাব) পদক্ষেপ গ্রহণের জন্য মতামত ব্যক্ত করেন। সভায় সকলে এ বিষয় একমত প্রকাশ করেন।	Zoom-এর মাধ্যমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয় নিয়ে প্রশিক্ষণের জন্য সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদক্ষেপ গ্রহণ করবেন।	সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)
০৩.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অডিট আপত্তি বিষয়ক।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অডিট আপত্তি বিষয়টি রয়েছে বিধায় সদর দপ্তরসহ প্রজেক্ট গুলোর কোনো অডিট আপত্তি রয়েছে কিনা এবং নিষ্পত্তির জন্য ব্রটসীট জবাব তৈরি করে দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন বলে প্রশাসনের সহকারী পরিচালকের (প্রশাসন ও হিসাব) দৃষ্টি আকর্ষণ করেন।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক সদর দপ্তরসহ প্রজেক্টগুলোর অনিষ্পন্ন অডিট আপত্তি থাকলে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ও প্রকল্প পরিচালক (সকল)
০৪.	স্থাবর-অস্থাবর সম্পত্তির হালনাগাদ করা।	সদর দপ্তরের সকল শাখার অস্থাবর সম্পত্তির হালনাগাদ করা এবং সকল গ্রন্থাগারের স্থাবর-অস্থাবর সম্পত্তির হালনাগাদ করা বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সদর দপ্তরের সকল শাখার অস্থাবর সম্পত্তির হালনাগাদ করা এবং সকল গ্রন্থাগারের স্থাবর-অস্থাবর সম্পত্তির হালনাগাদ করা জন্য পত্র দেয়া।	সহকারী পরিচালক (পরিসংখ্যান)
০৫.	২০১৯-২০২০ অর্থবছরের এপিএ ফলাবর্তক প্রণয়ন করা।	২০১৯-২০২০ অর্থবছরের বিভাগীয় ও জেলা পর্যায়ের এপিএ ফলাবর্তক প্রাপ্তির পরিপ্রেক্ষিতে যাচাইবাচাই করা হয়। কিছু ক্ষেত্রে সংশোধন প্রয়োজন বিধায় তা পুনরায় প্রণয়ন করাসহ সদরদপ্তর কর্তৃক নম্বর প্রদানের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।	২০১৯-২০২০ প্রাপ্ত এপিএ ফলাবর্তক সংশোধনপূর্বক পুনরায় প্রণয়ন করাসহ সদর দপ্তর কর্তৃক নম্বর প্রদান করতে হবে। এ সংক্রান্ত তৈরিকৃত নম্বরসীট মন্ত্রণালয়ের অডিটের জন্য সংরক্ষণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) এবং সহকারী পরিচালক (পরিসংখ্যান)

২। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এ জে এম আব্দুল্যাহেল বাকী


স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.১৬.০০৪.১৮.১৪৩

তারিখ: ২ ভাদ্র ১৪২৭

১৭ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, আইন শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ২) পরিচালক, (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৫) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৬) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৮) কম্পিউটার অপারেটর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৯) জুনিয়র লাইব্রেরিয়ান, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর (মহোদয়ের জ্ঞাতার্থে)
- ১০) উচ্চমান সহকারী, পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি, মহোদয়ের জ্ঞাতার্থে), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ১১) রিডিং হল এ্যাসিস্টেন্ট, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



ফাতেমা খাতুন

লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক